# বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭

## গণ-বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিদ্যমান বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ এর অধীনে বাংলাদেশে বর্তমানে সরকার কর্তৃক অনুমোদিত ৫২টি বেসরকারি বিশ্ববিদ্যালয় পরিচালিত হচ্ছে। বিশ্ববিদ্যালয়সমূহ সরকার এবং ইউজিসি কর্তৃক অনুমোদিত ক্যাম্পাসে তাদের শিক্ষা কার্যক্রম পরিচালনা করছে। তথাপিও সাম্প্রতিক সময়ে কিছু কিছু বিশ্ববিদ্যালয় অননুমোদিতভাবে ক্যাম্পাস ও আউটার ক্যাম্পাস খুলে সেখানে শিক্ষা কার্যক্রম পরিচালনা করছে মর্মে অভিযোগ পাওয়া যাচ্ছে। সে প্রেক্ষিতে সরকার কর্তৃক অনুমোদিত ৫২টি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের অনুমোদিত ক্যাম্পাসের ঠিকানাসহ তাদের তালিকা নিম্নে প্রদত্ত হ'ল। এছাড়া সরকার কর্তৃক সম্প্রতি আরও ৮টি বেসরকারি বিশ্ববিদ্যালয় স্থাপন ও পরিচালনার সাময়িক অনুমোদন লাভ করেছে কিন্তু এখনও শিক্ষা কার্যক্রম শুরু করেনি। উল্লেখ্য যে, সরকার কর্তৃক বন্ধকৃত কুইন্স ইউনিভার্সিটি ও আমেরিকা-বাংলাদেশ ইউনিভার্সিটি সরকারি আদেশের বিরুদ্ধে মামলা দায়েরপূর্বক মাননীয় আদালতের স্থগিতাদেশ নিয়ে পরিচালিত হচ্ছে।

| ক্রমিক নং | ঠিকানাসহ বিশ্ববিদ্যালয়ের নাম | ক্রমিক নং | ঠিকানাসহ বিশ্ববিদ্যালয়ের নাম |
|---|---|---|---|
| ১. | **নর্থ-সাউথ ইউনিভার্সিটি**<br>প্লট-১৫, ব্লক-বি, আফতাব উদ্দীন রোড, বসুন্ধরা, ঢাকা-১২২৯। | ২. | **ইউনিভার্সিটি অব সাইন্স এন্ড টেকনোলজি, চট্টগ্রাম**<br>ফয়েজ লেক, চট্টগ্রাম। |
| ৩. | **ইন্ডিপেনডেন্ট ইউনিভার্সিটি, বাংলাদেশ**<br>প্লট নং-১৬, ব্লক-বি, আফতাবউদ্দিন রোড, বসুন্ধরা, ঢাকা-১২২৯। | ৪. | **ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি অব বিজনেস এগ্রিকালচার এন্ড টেকনোলজি**<br>৪, এ্যামব্যাংকমেন্ট ড্রাইভ রোড, সেক্টর-১০, উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০। |
| ৫. | **আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম**<br>১৫৪/এ, কলেজ রোড, চট্টগ্রাম-৪২০৩।<br>*কমিশন কর্তৃক স্বীকৃত নয় কিন্তু মাননীয় আদালতের স্থগিতাদেশ নিয়ে ঢাকায় অবৈধ আউটার ক্যাম্পাস পরিচালনা করছে। | ৬. | **আহ্ছানউল্লা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়**<br>১৪১-১৪২, লাভ রোড,<br>তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮। |
| ৭. | **আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি বাংলাদেশ**<br>৮৩/বি, কামাল আতাতুর্ক এভিনিউ,<br>রোড নং-৪, বনানী, ঢাকা-১২১৩। | ৮. | **এশিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশ**<br>বাড়ি নং-১৪, রোড নং-২৮, সেক্টর-৭<br>উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০। |
| ৯. | **ইস্ট-ওয়েষ্ট ইউনিভার্সিটি**<br>(১) ৪৩, মহাখালী সি/এ, ঢাকা-১২১২।<br>(২) প্লট নং-এ/২, প্রধান সড়ক, জহুরুল ইসলাম সিটি, আফতাবনগর, ঢাকা-১২১২। | ১০. | **দি ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিক**<br>(১) বাড়ি নং-৪৯/সি, রোড নং-৪/এ, ধানমন্ডি আবাসিক এলাকা, ঢাকা।<br>(২) বাড়ি নং-৭৩, রোড নং-৫/এ, ধানমন্ডি আ/এ, ঢাকা। |
| ১১. | **গণ বিশ্ববিদ্যালয়**<br>(১) গণ স্বাস্থ্য কেন্দ্র কমপ্লেক্স, পোঃ মির্জানগর,<br>ভায়া সাভার ক্যান্টনমেন্ট, সাভার, ঢাকা-১৩৪৪।<br>(২) মির্জানগর, সাভার, ঢাকা। | ১২ | **দি পিপলস ইউনিভার্সিটি অব বাংলাদেশ**<br>(১) বাড়ি-৩/২, ব্লক-এ, আসাদ এভিনিউ, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭।<br>(২) ১০৩, হোসেন টাওয়ার, সেক্টর-০৭, উত্তরা। |
| ১৩. | **ঢাকা ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি**<br>(১) বাড়ি নং-৪ ও ৬, রোড নং-১, ব্লক-এফ, বনানী, ঢাকা-১২১৩।<br>(২) ৬৬, গ্রীণ রোড, ঢাকা | ১৪. | **ব্র্যাক ইউনিভার্সিটি**<br>(১) ৬৬, মহাখালী, ঢাকা-১২১২।<br>(২) খাগান, বিরুলীয়া, সাভার, ঢাকা। |
| ১৫. | **মানারাত ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি**<br>(১) প্লট-সিইএন-১৬, রোড নং-১০৬, গুলশান-২, ঢাকা-১২১২।<br>(২) প্লট নং-১, ব্লক-বি, সেকশন-১, চিড়িয়াখানা রোড, মিরপুর-১, ঢাকা। | ১৬. | **বাংলাদেশ ইউনিভার্সিটি**<br>(১) ১৫/১, ইকবাল রোড, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭।<br>(২) আদাবর, মোহাম্মদপুর, ঢাকা। |
| ১৭. | **লিডিং ইউনিভার্সিটি**<br>মধুবন, বন্দর বাজার, সিলেট। | ১৮. | **বিজিসি ট্রাস্ট ইউনিভার্সিটি, বাংলাদেশ**<br>বিজিসি বিদ্যানগর, চন্দনাইশ<br>চট্টগ্রাম।<br>***কমিশন কর্তৃক স্বীকৃত নয় কিন্তু মাননীয় আদালতের স্থগিতাদেশ নিয়ে চট্টগ্রাম শহরে অবৈধ ক্যাম্পাস পরিচালনা করছে।** |
| ১৯. | **সিলেট ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি**<br>শামীমাবাদ, বাগবাড়ী<br>সিলেট-৩১০০। | ২০. | **ইউনিভার্সিটি অব ডেভেলপমেন্ট অল্টারনেটিভ**<br>বাড়ি নং-৩০১, রোড নং-১৪/এ (নতুন)<br>ধানমন্ডি আবাসিক এলাকা, ঢাকা-১২০৯। |
| ২১. | **প্রিমিয়ার ইউনিভার্সিটি, চট্টগ্রাম**<br>(১) ওয়াসা মোড়, দামপাড়া, কোতয়ালী, চট্টগ্রাম।<br>(২) প্রবর্তক মোড়, ১/এ, ও আর নিজাম রোড, পাঁচলাইশ, চট্টগ্রাম,<br>(৩) হাজারী লেইন, আন্দরকিল্লা, কোতয়ালী, চট্টগ্রাম। | ২২. | **সাউথ ইস্ট ইউনিভার্সিটি**<br>(১) এ আর টাওয়ার, ২৪, কামাল আতাতুর্ক এভিনিউ, বনানী, ঢাকা-১২১৩।<br>(২) হোল্ডিং নং-২৫১/এ, ২৫২, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা। |
| ২৩. | **স্টামফোর্ড ইউনিভার্সিটি, বাংলাদেশ**<br>(১) বাড়ি নং-৩৬, রোড নং-৯/এ,<br>ধানমন্ডি আ/এ, ঢাকা-১২০৯।<br>(২) ৪৪, সাতমসজিদ রোড (পুরাতন ৭৪৪), ঢাকা।<br>(৩) ৫১, সিদ্ধেশ্বরী, ঢাকা। | ২৪. | **ডেফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি**<br>(১) ১০২, শুক্রাবাদ, মিরপুর রোড,<br>ধানমন্ডি, ঢাকা-১২০৭।<br>(২) বাড়ি নং-৪ ও ৬, রোড নং-৭, সেক্টর-৩,<br>উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০।<br>(৩) আশুলিয়া মডেল টাউন, দত্তপাড়া,<br>আশুলিয়া, সাভার, ঢাকা। |
| ২৫. | **স্টেট ইউনিভার্সিটি অব বাংলাদেশ**<br>(১) ৭৭, সাতমসজিদ রোড, ধানমন্ডি, ঢাকা-১২০৫।<br>(২) ১৩৮, কলাবাগান, ধানমন্ডি, ঢাকা-১২০৯। | ২৬. | **ইবাইস ইউনিভার্সিটি**<br>বাড়ি নং-২১/এ, রোড নং-১৬ (পুরাতন-২৭)<br>ধানমন্ডি, ঢাকা-১২০৯। |
| ২৭. | **সিটি ইউনিভার্সিটি**<br>(১) ৪০, কামাল আতাতুর্ক এভিনিউ, বনানী, ঢাকা-১২১৩।<br>(২) খাগান, আশুলিয়া, সাভার, ঢাকা। | ২৮. | **প্রাইম ইউনিভার্সিটি**<br>২এ/১, নর্থ ইস্ট অব দারুস সালাম রোড<br>মিরপুর-১, ঢাকা-১২১৬। |
| ২৯. | **নর্দান ইউনিভার্সিটি-বাংলাদেশ**<br>(১) শের টাওয়ার, বাড়ি নং-১৩, রোড নং-১৭,<br>বনানী, ঢাকা-১২১৩।<br>(২) বাড়ি নং-৫৪, রোড নং-৪/এ, সাতমসজিদ রোড,<br>ধানমন্ডি, ঢাকা।<br>***কমিশন কর্তৃক স্বীকৃত নয় কিন্তু মাননীয় আদালতের স্থগিতাদেশ নিয়ে খুলনা ও রাজশাহীতে অবৈধ আউটার ক্যাম্পাস পরিচালনা করছে।** | ৩০. | **সাউদার্ণ ইউনিভার্সিটি অব বাংলাদেশ**<br>(১) ৭৩৯/এ, মেহেদীবাগ রোড,<br>চট্টগ্রাম-৪২০৩।<br>(২) ২২, শহীদ মীর্জা লেন, মেহেদীবাগ, চট্টগ্রাম। |
| ৩১. | **গ্রীণ ইউনিভার্সিটি অব বাংলাদেশ**<br>(১) ২২০/ডি, পশ্চিম কাফরুল,<br>বেগম রোকেয়া সরণী, ঢাকা-১২০৭।<br>(২) প্লট নং-সি/১১, ১২, ১৩/১; রোড নং-১/১<br>ব্লক-ক ও খ, মিরপুর-৬, ঢাকা। | ৩২. | **ওয়ার্ল্ড ইউনিভার্সিটি অব বাংলাদেশ**<br>(১) বাড়ি নং-৩/এ, রোড নং-৪, ধানমন্ডি, ঢাকা-১২০৫।<br>(২) বাড়ি নং-১৩/এ, রোড নং-৫, ধানমন্ডি, ঢাকা-১২০৫।<br>(৩) বাড়ি নং-১৬, রোড-৭, ধানমন্ডি, ঢাকা-১২০৫। |
| ৩৩. | **শান্ত মরিয়াম ইউনিভার্সিটি অব ক্রিয়েটিভ টেকনোলজি**<br>(১) বাড়ি নং-১, রোড-১৪, সেক্টর-১৩,<br>উত্তরা, ঢাকা-১২৩০।<br>(২) ৫/৪, লালমাটিয়া, ব্লক-সি, মোহাম্মদপুর, ঢাকা। | ৩৪. | **দি মিলেনিয়াম ইউনিভার্সিটি**<br>মোমেনবাগ, ডাকঘরঃ শান্তিনগর<br>মতিঝিল, ঢাকা। |
| ৩৫. | **ইষ্টার্ণ ইউনিভার্সিটি**<br>বাড়ি নং-১৫/২, রোড নং-৩<br>ধানমন্ডি আবাসিক এলাকা, ঢাকা-১২০৫। | ৩৬. | **বাংলাদেশ ইউনিভার্সিটি অব বিজনেস এন্ড টেকনোলজি (বিইউবিটি)**<br>(১) ঢাকা কমার্স কলেজ রোড, মিরপুর-২,<br>থানা-পল্লবী, ঢাকা-১২১৬।<br>(২) প্রধান সড়ক, রূপনগর আবাসিক এলাকা, সেনপাড়া পর্বতা, মিরপুর-২, ঢাকা-১২১৬। |
| ৩৭. | **মেট্রোপলিটন ইউনিভার্সিটি, সিলেট**<br>আল-হামরা (৮ম তলা),<br>জিন্দাবাজার, সিলেট-৩১০০। | ৩৮. | **উত্তরা ইউনিভার্সিটি**<br>(১) বাড়ি নং-৪, রোড নং-১৫, সেক্টর-৬,<br>উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০।<br>(২) রবিউল প্লাজা, মিরপুর হাউজিং এস্টেট,<br>প্লট নং- সি-১/খ, সেকশন-১, মিরপুর-১, ঢাকা। |
| ৩৯. | **ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি**<br>(১) বাড়ি নং-৮০, রোড নং-৮/এ<br>সাতমসজিদ রোড, ধানমন্ডি, ঢাকা-১২০৯।<br>(২) প্লট-৩৬, রোড-২৭ (পুরাতন), নতুন-১৬<br>ধানমন্ডি, ঢাকা-১২০৯। | ৪০. | **ভিক্টোরিয়া ইউনিভার্সিটি অব বাংলাদেশ**<br>(১) বারেক ম্যানশন, ৫৮/১১/এ, পান্থপথ, ঢাকা-১২০৫।<br>(২) ৬৯/১, পান্থপথ, ঢাকা-১২০৫।<br>(৩) ৬৯/কিউ, পান্থপথ, ঢাকা-১২০৫। |
| ৪১. | **ইউনিভার্সিটি অব সাউথ এশিয়া**<br>বাড়ি নং-৭৮ এবং ৭৬, রোড নং-১৪, ব্লক-বি,<br>বনানী, ঢাকা-১২১৩। | ৪২. | **প্রেসিডেন্সী ইউনিভার্সিটি**<br>(১) বাড়ি নং-১১/এ, রোড নং-৯২, গুলশান-২, ঢাকা-১২১২।<br>(২) ১০, কামাল আতাতুর্ক এভিনিউ, বনানী, ঢাকা-১২১৩। |
| ৪৩. | **ইউনিভার্সিটি অফ ইনফরমেশন টেকনোলজি এন্ড সায়েন্সেস**<br>(১) জামালপুর টাওয়ার, বারিধারা ভিউ,<br>গ-৩৭/১, প্রগতি সরণী, বারিধারা,<br>জে-ব্লক, ঢাকা-১২১২।<br>(২) পিএইচপি টাওয়ার, ১০৭/২, কাকরাইল, ঢাকা-১০০০। | ৪৪. | **প্রাইম এশিয়া ইউনিভার্সিটি**<br>স্টার টাওয়ার, ১২, কামাল আতাতুর্ক এভিনিউ,<br>বনানী, ঢাকা। |
| ৪৫. | **রয়েল ইউনিভার্সিটি অব ঢাকা**<br>বাড়ি নং-০২, রোড নং-১০, ব্লক-ই,<br>বনানী, ঢাকা-১২১৩। | ৪৬. | **ইউনিভার্সিটি অব লিবারেল আর্টস, বাংলাদেশ**<br>বাড়ি নং-৫৬, রোড নং-৪/এ, সাতমসজিদ রোড,<br>ধানমন্ডি আ/এ, ঢাকা-১২০৯। |
| ৪৭. | **অতীশ দীপংকর ইউনিভার্সিটি অব সায়েন্স এন্ড টেকনোলজি**<br>ফয়সাল টাওয়ার, ২৭, নর্থ গুলশান সি/এ,<br>গুলশান-২, ঢাকা-১২১২। | ৪৮. | **বাংলাদেশ ইসলামী বিশ্ববিদ্যালয়**<br>গজারিয়া টাওয়ার, ৮৯/১২, আর কে মিশন রোড,<br>গোপীবাগ, ঢাকা-১২০৩। |
| ৪৯. | **ইস্ট ডেল্টা ইউনিভার্সিটি**<br>রুমানা হক টাওয়ার,<br>১২৬৭/এ, গোসাইল ডাঙ্গা,<br>আগ্রাবাদ, চট্টগ্রাম। | ৫০. | **আশা ইউনিভার্সিটি, বাংলাদেশ**<br>আশা টাওয়ার, ২৩/৩, খিলজী রোড<br>শ্যামলী, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭। |
| ৫১. | **সেন্ট্রাল উইমেন্স ইউনিভার্সিটি**<br>৬, হাটখোলা রোড, টিকাটুলি, ঢাকা-১২০৩। | ৫২. | **দারুল ইহসান বিশ্ববিদ্যালয়**<br>বাড়ি নং-২১ (নতুন), রোড নং-৯/এ (নতুন)<br>ধানমন্ডি আ/এ, ঢাকা-১২০৯।<br>***বিশ্ববিদ্যালয়ের নিয়ন্ত্রণ নিয়ে ৪টি গ্রুপে প্রশাসন বিভক্ত। মাননীয় আদালতের স্থগিতাদেশ নিয়ে আউটার ক্যাম্পাস পরিচালনা করছে এবং বাংলাদেশে বিভিন্ন অঞ্চলে অবৈধ ক্যাম্পাস রয়েছে।** |

বেসরকারি বিশ্ববিদ্যালয়ে ভর্তিচ্ছু শিক্ষার্থী, অভিভাবক ও স্বার্থান্বেষী ব্যক্তিদেরকে সরকার ও কমিশন কর্তৃক অনুমোদিত বেসরকারি বিশ্ববিদ্যালয় এবং বিশ্ববিদ্যালয়ের অনুমোদিত ঠিকানা যাচাই-বাছাইপূর্বক ভর্তি হওয়ার জন্য পরামর্শ দেয়া হলো। একই সাথে কোন প্রোগ্রাম/কোর্সে ভর্তি হওয়ার পূর্বে কমিশনের ওয়েবসাইটে সেই প্রোগ্রাম/কোর্স অনুমোদনপ্রাপ্ত কিনা দেখে নেয়ার জন্য অনুরোধ করা হলো।

**পরিচালক**
বেসরকারি বিশ্ববিদ্যালয় বিভাগ, ইউজিসি

জিডি-৩১৫০

---

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কর কমিশনারের কার্যালয়,
কর অঞ্চল-৭, ঢাকা
২য় ১২ তলা সরকারি অফিস ভবন (৪র্থ তলা), সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

নথি নং-কঃকঃকাঃ/কঃঅঃ-৭/সঃপ্রঃ(নিঃকঃ)/২০১২-২০১৩/৯৮১ তারিখ ঃ ০৭-০৮-২০১২ ইং

## নিয়োগ বিজ্ঞপ্তি

জন প্রশাসন মন্ত্রণালয়ের পরিপত্র নং-০৫. ১৬৬. ০২২. ০০. ০০. ০৪৪. ১৯৮৮-১৩৫৬ (২৫০), তাং ঃ ২৪-১১-২০১০ খ্রিঃ, অর্থ মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগের পত্র নং-০৮.০৩২.০১১.০০.০০.০১৪.২০১২-৩৬২/১(১১), তারিখ ঃ ২৮-০৫-২০১২ খ্রিঃ এবং জাতীয় রাজস্ব বোর্ডের নথি নং জাতীয় রাজস্ব বোর্ডের নথি নং-৭(৩) কর প্রঃ-২/২০১২/৫৯৯(১), তারিখ ঃ ০৬-০৬-২০১২ ইং অনুযায়ী শূন্য পদ সমূহে সরাসরি ভিত্তিতে উপযুক্ত প্রার্থী নির্বাচনের মাধ্যমে পূরণের জন্য ছাড়পত্র প্রদানের প্রেক্ষিতে কর অঞ্চল-৭, ঢাকা এর অধীনে নিম্নবর্ণিত পদ ও বেতন স্কেলে অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের নিমিত্তে প্রয়োজনীয় যোগ্যতা সম্পন্ন ঢাকা সিভিল ডিভিশনের অন্তর্গত কলাম নং ৬ এ বর্ণিত জেলাসমূহের প্রকৃত স্থায়ী বাসিন্দা/নাগরিকগণের নিকট হইতে আবেদনপত্র আহবান করা যাইতেছে।

| ক্রঃনং | পদের নাম | পদের সংখ্যা | বেতন স্কেল | শিক্ষাগত যোগ্যতা | ঢাকা বিভাগের যে সকল জেলার প্রকৃত স্থায়ী বাসিন্দা/নাগরিকগণ আবেদন করিতে পারবেন। |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১. | সাঁট-লিপিকার কাম কম্পিউটার অপারেটর। | ০১ (এক) টি | ৫,৫০০-১২,০৯৫/- | এইচএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। সাঁটলিপি লিখনে গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৮০ ও বাংলায় ৫০ শব্দ। কম্পিউটারের ক্ষেত্রে Word Processing/Data Entry ও Typing এর সর্বনিম্ন গতি<br>(ক) বাংলা ঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ২৫ শব্দ।<br>(খ) ইংরেজী ঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ৩০ শব্দ। | ঢাকা সিভিল ডিভিশনের সকল জেলার প্রার্থী। |
| ২. | উচ্চমান সহকারী | ০৪ (চার) টি | ৫,২০০-১১,২৩৫/- | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রী বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | ঢাকা সিভিল ডিভিশনের সকল জেলার প্রার্থী। |
| ৩. | সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর/ কম্পিউটার অপারেটর | ০৬ (ছয়) টি | ৫,২০০-১১,২৩৫/- | এইচএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। সাঁটলিপি লিখনে গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৭০ ও বাংলায় ৪৫ শব্দ। কম্পিউটারের ক্ষেত্রে Word Processing/Data Entry ও Typing এর সর্বনিম্ন গতি<br>(ক) বাংলা ঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ২৫ শব্দ।<br>(খ) ইংরেজী ঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ৩০ শব্দ। | ঢাকা সিভিল ডিভিশনের সকল জেলার প্রার্থী। |
| ৪. | ডাটা এন্ট্রি অপারেটর / অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | ১৬ (ষোল) টি | ৪,৭০০-৯,৭৪৫/- | এইচএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। কম্পিউটারের ক্ষেত্রে Word Processing/Data Entry ও Typing এর সর্বনিম্ন গতি<br>(ক) বাংলা ঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ।<br>(খ) ইংরেজী ঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ। | ঢাকা সিভিল ডিভিশনের সকল জেলার প্রার্থী। |
| ৫. | গাড়ী চালক | ০৩ (তিন) টি | ৪,৭০০-৯,৭৪৫/- | অষ্টম শ্রেণী পাস এবং হালকা ও ভারী যানবাহন চালনায় বৈধ ড্রাইভিং লাইসেন্সধারী। অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। | ঢাকা সিভিল ডিভিশনের সকল জেলার প্রার্থী। |
| ৬. | নোটিশ সার্ভার | ১৪ (চৌদ্দ) টি | ৪,১০০-৭,৭৪০/- | অষ্টম শ্রেণী পাশ। | ১। ঢাকা, গাজীপুর, মুন্সীগঞ্জ, মানিকগঞ্জ, নারায়ণগঞ্জ, নরসিংদী, ফরিদপুর, রাজবাড়ি, শরীয়তপুর, জামালপুর, শেরপুর, ময়মনসিংহ, কিশোরগঞ্জ এবং নেত্রকোণা।<br>২। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান ও তাদের সন্তান, মহিলা, এতিমখানা নিবাসী, ও শারিরীক প্রতিবন্ধী, আনসার, ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য, উপজাতীয় প্রার্থীদের জন্য ঢাকা বিভাগের সকল জেলা। |
| ৭. | নৈশ প্রহরী | ১১ (এগার) টি | ৪,১০০-৭,৭৪০/- | অষ্টম শ্রেণী পাশ এবং সুস্বাস্থ্যের অধিকারী। | ১। ঢাকা, গাজীপুর, মুন্সীগঞ্জ, মানিকগঞ্জ, নারায়ণগঞ্জ, নরসিংদী, ফরিদপুর, রাজবাড়ি, শরীয়তপুর, জামালপুর, শেরপুর, ময়মনসিংহ, কিশোরগঞ্জ এবং নেত্রকোণা।<br>২। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান ও তাদের সন্তান, মহিলা, এতিমখানা নিবাসী, ও শারিরীক প্রতিবন্ধী, আনসার, ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য, উপজাতীয় প্রার্থীদের জন্য ঢাকা বিভাগের সকল জেলা। |

### আবেদন করার নিয়মাবলী/শর্তাবলী ঃ

১। স্ব-হস্তে লিখিত আবেদনপত্রে প্রার্থীর (ক) নাম (খ) পিতার নাম (গ) মাতার নাম, (ঘ) স্বামীর নাম (প্রযোজ্য ক্ষেত্রে) (ঙ) বর্তমান ঠিকানা (চ) স্থায়ী ঠিকানা (ছ) জন্ম তারিখ ও ০১-০৮-২০১২ ইং তারিখে বয়স (জ) শিক্ষাগত যোগ্যতা, (ঝ) নিজ জেলা, (ঞ) জাতীয়তা, (ট) ধর্ম, (ঠ) অভিজ্ঞতা (যদি থাকে) এবং (ড) যে কোঠায় আবেদন করিতে ইচ্ছুক সেই কোঠার নাম উল্লেখ পূর্বক জীবন বৃত্তান্ত ও আনুষাংগিক কাগজপত্র/সনদপত্র সহ **স্বাক্ষরপূর্বক** আগামী ১০-০৯-২০১২ ইং তারিখের মধ্যে কর কমিশনার, কর অঞ্চল-৭, ২য় ১২ তলা সরকারী ভবন (৪র্থ তলা), সেগুনবাগিচা, ঢাকা-১০০০ এর বরাবর অফিস চলাকালীন সময়ের মধ্যে সাধারণ ডাকযোগে অথবা অফিসে সংরক্ষিত বাক্সে পৌঁছাইতে হইবে।

২। সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি, সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের রঙিন ৩ (তিন) কপি সত্যায়িত ছবি, প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদপত্র, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ওয়ার্ড কাউন্সিলর অথবা আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা কর্তৃক স্পষ্টভাবে নামাঙ্কিত সীলমোহরসহ স্বাক্ষরিত নিজ জেলা ও নাগরিকত্বের সনদপত্র আবেদনপত্রের সহিত দাখিল করিতে হইবে।

৩। আবেদনকারীর নাম ও পত্র যোগাযোগের ঠিকানা (বর্তমান ঠিকানা) লেখা সম্বলিত অব্যবহৃত-৬ (ছয়) টাকার ডাকটিকেট সংযুক্ত ১০" × ৪.৫" ইঞ্চি মাপের একটি খাম আবেদনপত্রের সহিত সংযুক্ত করিতে হইবে।

৪। সকল পদের ক্ষেত্রেই আবেদনকারীর বয়স ০১-০৮-২০১২ ইং তারিখে ১৮ থেকে ৩০ বৎসরের মধ্যে হইতে হইবে। প্রতিবন্ধী ও মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানগণ কিংবা সন্তান/সন্তানদের পুত্র/কন্যাদের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সমীসা ৩২(বত্রিশ) বৎসর পর্যন্ত শিথিলযোগ্য।

৫। কোন প্রার্থী বিজ্ঞপ্তিতে উল্লেখিত ১ (এক) এর অধিক পদে আবেদন করিতে পারিবেন না।

৬। সাঁট-লিপিকার কাম কম্পিউটার অপারেটর ও সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর/কম্পিউটার অপারেটর পদের জন্য সরকার স্বীকৃত/অনুমোদিত প্রতিষ্ঠান হইতে সাঁট-লিপি লিখন ও কম্পিউটার টাইপিং গতি সনদের সত্যায়িত কপি এবং ডাটা এন্ট্রি অপারেটর/অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদের জন্য কম্পিউটার টাইপিং গতি সনদের সত্যায়িত কপি দাখিল করিতে হইবে।

৭। প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানগণ কিংবা সন্তান/সন্তানদের পুত্র/কন্যা হইলে আবেদনপত্রে তাহা উল্লেখ করিতে হইবে। সকল ক্ষেত্রে মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত সনদপত্রের সত্যায়িত ফটোকপি অবশ্যই আবেদনপত্রের সহিত সংযুক্ত করিতে হইবে। আবেদনপত্র প্রেরণের খামের উপর 'মুক্তিযোদ্ধা কোটা' স্পষ্টাক্ষরে লিখিতে হইবে। আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার নাতী/নাতনী এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ ওয়ার্ড কাউন্সিলর অথবা আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা কর্তৃক নামাঙ্কিত সীলমোহরসহ স্বাক্ষরিত সনদপত্র আবেদনপত্রের সহিত দাখিল করিতে হইবে।

৮। মহিলা, এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য, উপজাতীয় প্রার্থীদের কোটা ও বয়স সরকারী নীতিমালা অনুযায়ী সংরক্ষণ করা হইবে। এ সকল প্রার্থীকে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষের সনদপত্রসহ আবেদনপত্র দাখিল করিতে হইবে।

৯। নিয়োগের ব্যাপারে সরকারের সর্বশেষ জারীকৃত পরিপত্র/নীতিমালা মোতাবেক সকল কোটা নীতি অনুসরণ করা হইবে।

১০। সরকারী/আধা-সরকারী/স্বায়ত্বশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীদের স্ব-স্ব কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে।

১১। আবেদনপত্র প্রেরণের খামের উপরের অংশে আবেদনকৃত পদের নাম, নিজ জেলা, ও কোটা (মুক্তিযোদ্ধা/এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য, উপজাতীয় প্রার্থীদের) অবশ্যই স্পষ্টাক্ষরে লিখিতে হইবে।

১২। আবেদনপত্রের সঙ্গে দাখিলকৃত শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, নিজ জেলা, এবং অন্যান্য কাগজপত্র ও ঠিকানা সম্পর্কে ভুল তথ্য পরিবেশন করা হইলে এবং কোন প্রমাণাদি অসত্য বলিয়া প্রতীয়মান হইলে আবেদনপত্র বাতিল করাসহ প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হইবে।

১৩। লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হইবে না।

১৪। আবেদনপত্রের সহিত উপ কর কমিশনার, সদর দপ্তর (প্রশাসন), কর অঞ্চল-৭, ঢাকা এর বরাবরে ট্রেজারী চালানে কোড নং-১-১১৪১-০০৩০-১৮৭৬ উল্লেখপূর্বক সাঁট-লিপিকার কাম কম্পিউটার অপারেটর, উচ্চমান সহকারী, সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর / কম্পিউটার অপারেটর, ডাটা এন্ট্রি অপারেটর/অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক ও গাড়ী চালক পদে আবেদনকারী প্রার্থীদের ক্ষেত্রে ১০০/- (একশত) টাকা এবং নোটিশ সার্ভার ও নৈশ প্রহরী পদে আবেদনকারী প্রার্থীদের ক্ষেত্রে ৫০/- (পঞ্চাশ) টাকা জমা করিয়া উক্ত চালানের মূল কপি সংযুক্ত করিতে হইবে।

১৫। যোগ্য প্রার্থীদেরকে পরীক্ষা গ্রহণের স্থান, তারিখ ও সময়সূচী আবেদনপত্রে প্রদত্ত বর্তমান ঠিকানায় জানানো হইবে।

১৬। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলিয়া গণ্য হইবে। নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি করা হইতে পারে। এই বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ সংশোধন/বাতিল করিবার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

স্বাঃ—
(শেখ মোঃ মনিরুজ্জামান)
উপ কর কমিশনার
সদর দপ্তর (প্রশাসন)
কর অঞ্চল-৭, ঢাকা
এবং
সদস্য সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি
কর অঞ্চল-৭, ঢাকা।

GD-3136